

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৪২

কুমারঘাট, ৩ অক্টোবর, ২০২৪

**কুমারঘাট মহকুমা ভিত্তিক শচীন দেববর্মণ জন্মজয়ন্তী**

কুমারঘাট মহকুমা ভিত্তিক সুর সন্তান কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী অনুষ্ঠান গত ১ অক্টোবর ফটিকরায় বাজার শেডে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। অনুষ্ঠানে তিনি বলেন, কুমার শচীন দেববর্মণ ছিলেন ভারতীয় উপমহাদেশে একজন বরেণ্য সংগীত শিল্পী। বাংলা এবং তিনি সিনেমা জগতে তিনি অসংখ্য সংগীতের সুর সৃষ্টি করেছিলেন। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সদস্য শিবেন্দু ঘোষ, ফটিকরায় গ্রাম পঞ্চায়েতের প্রধান সুনিতা কর, উনকোটি জিলা পরিষদের প্রাক্তন সদস্য নীলকান্ত সিনহা, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য সত্যব্রত পাল প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক সুভাষিস সেনগুপ্ত।

\*\*\*\*\*